মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৭৭/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.২২৬২৮

তারিখ : ১৬-০৯-২০২৫ খ্রি.

বিষয় : তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৭-০৮-২০২৫ তারিখের অনলাইন আবেদন (আইডি-(৩৪৪১১)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাগুরা জেলার শ্রীপুর উপজেলাধীন নাকোল রায়চরণ মাধ্যমিক বিদ্যালয়-এর এডহক কমিটির সভাপতির বিরুদ্ধে জনাব শেখ আঃ মান্নান একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অভিযোগের ছায়া কপি সংযুক্ত

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(ড. মোঃ কামরুজ্জামান)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
০২৪৭৭৭৬২৭০৫

জনাব মোঃ আসাদুজ্জামান
সহকারী অধ্যাপক (রাষ্ট্র বিজ্ঞান)
সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ, মাগুরা।

**বি.দ্র: বিধি মোতাবেক টিএ ও ডিএ ভাতা প্রাপ্য হবেন ।**

স্মারক সংখ্যা-বিঅ-৬/৭০৭৭/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.২২৬২৮(৬)

তারিখ : ১৬-০৯-২০২৫ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, মাগুরা।
২। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা।
৪। সভাপতি, এডহক কমিটি, নাকোল রায়চরণ মাধ্যমিক বিদ্যালয়, শ্রীপুর, মাগুরা।
৫। প্রধান শিক্ষক, নাকোল রায়চরণ মাধ্যমিক বিদ্যালয়, শ্রীপুর, মাগুরা।
৬। অভিযোগকারী জনাব শেখ আঃ মান্নান, শ্রীপুর, মাগুরা।
৭। অফিস নথি।

১৬-০৯-২০২৫
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক,

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর।

বিষয়ঃ বিধিবহির্ভূত ভাবে প্রধান শিক্ষকের পদ থেকে সাময়িক বরখাস্তাদেশ বাতিল প্রসঙ্গে।

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, গত ০৩/০৮/২০২৫ ইং তারিখে আমার বিদ্যালয়ের সভাপতি সাহেব আমাকে সাময়িকভাবে বরখাস্তের একটি চিঠি দিয়েছেন। যাহা সম্পুর্ণভাবে সভাপতি সাহেবের এখতিয়ার বহির্ভূত। (কপি সংযুক্ত)

অতএব, মহোদয় সমীপে প্রার্থনা আমার বিরুদ্ধে দেওয়া, সাময়িক বরখাস্তের আদেশটি বাতিল করিতে আপনার দয়া হয়।

বিনীত

০৭/০৮/২৫

শেখ আঃ মান্নান

প্রধান শিক্ষক

নাকোল রাইচরণ মাধ্যমিক

বিদ্যালয়

শ্রীপুর, মাগুরা।

শেখ আঃ মান্নান
প্রধান শিক্ষক
নাকোল রাইচরণ মাধ্যমিক বিদ্যালয়
শ্রীপুর, মাগুরা।
T-ID-510728
মোবাইল নং-০১৯৩১-৬৭৫৭৬৫

# নাকোল রাইচরণ মাধ্যমিক বিদ্যালয়

ডাকঘর : নাকোল, উপজেলা : শ্রীপুর, জেলা : মাগুরা।
(স্থাপিত : ১৯০১)


প্রধান শিক্ষক : ০১৩০৯-১১৮১২৮
এমপিও কোড : ৫৭০৪০৮১৩০১
ওয়েব সাইট : www.nakolrcsecondaryschool.edu.bd

ইআইআইএন নম্বর : ১১৮১২৮
বিদ্যালয় কোড নম্বর : ৭০৭৭
ই-মেইল : nakolrchighschool@yahoo.com


স্মারক সংখ্যা : নারামাবি-১৮৬৪/০৭/২০২৫

তারিখ : ০৬.০৮.২০২৫

প্রাপক:

শেখ আঃ মান্নান
প্রধান শিক্ষক
নাকোল রাইচরণ মাধ্যমিক বিদ্যালয়
নাকোল, শ্রীপুর, মাগুরা।

**বিষয়: প্রধান শিক্ষকের পদ থেকে সাময়িক বরখাস্তকরণ প্রসঙ্গে।**

সূত্র: ০৩/০৮/২০২৫ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের সভার আলোচ্যসূচি নং ০১ এর সিদ্ধান্ত।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ অডিট কমিটির রিপোর্ট অনুযায়ী আপনার বিরুদ্ধে আনিত অভিযোগের ভিত্তিতে যেমন-আর্থিক অনিয়ম, ব্যাংকে টাকা জমা না দিয়ে নগদ অর্থ হাতে রেখে খরচ করা, অর্থ আত্মসাৎ ও তছরুপ করা, শিক্ষার্থীদের বৃত্তির টাকা না দিয়ে খরচ করা, নিয়ম-নীতি লঙ্ঘন, বিদ্যালয় পরিচালনায় সম্পূর্ণরূপে ব্যর্থতা, দায়িত্বে অবহেলা ও বিভিন্ন বিষয়ে পূর্বে আপনাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছিল, যার স্মারক নং- নারামাবি ১৩২৬/০৭/২৫ । কিন্তু আপনি তার সন্তোষজনক জবাব দিতে ব্যর্থ হয়েছেন। এই কারণে ০৩/০৮/২০২৫ তারিখে বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক আপনাকে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো এবং বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জনাব মুনীর হোসেন সাহেবকে ০৩/০৮/২০২৫ ইং তারিখ থেকেই নাকোল রাইচরণ মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব অর্পণ করা হলো।

আপনাকে উপরোল্লিখিত কারণে কেন প্রধান শিক্ষকের পদ থেকে স্থায়ীভাবে বরখাস্ত করা হবে না সে বিষয়ে আগামী ১৫ (পনেরো) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে আপনার জবাব সভাপতি বরাবর প্রেরণের জন্য জানানো হলো। উক্ত তারিখের মধ্যে সন্তোষজনক জবাব দিতে ব্যর্থ হলে এবং এবিষয়ে গঠিত তদন্ত কমিটি কর্তৃক দোষী প্রমাণিত হলে আপনাকে প্রধান শিক্ষকের পদ থেকে চূড়ান্তভাবে বরখাস্ত করার ব্যবস্থা গ্রহণ করা হবে। আপনাকে সাময়িক বরখাস্ত কালীন সময়ে বিদ্যালয় সুষ্ঠু এবং সুন্দরভাবে পরিচালনার জন্য সহকারী প্রধান শিক্ষক জনাব মুনীর হোসেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করবেন। আগামী তিন দিনের মধ্যে বিদ্যালয়ের যাবতীয় কাগজপত্র, আয়-ব্যয়ের হিসাব ও অন্যান্য তথ্যাদি তাঁকে বুঝিয়ে দেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। উল্লেখ্য যে সাময়িক বরখাস্তকালীন সময়ে আপনি বিধি মোতাবেক বেতন-ভাতা প্রাপ্য হবেন।

মির্জা ওয়ালিদ হোসেন
০৬/০৮/২৫

মির্জা ওয়ালিদ হোসেন
সভাপতি
বিদ্যালয় পরিচালনা পর্ষদ
নাকোল রাইচরণ মাধ্যমিক বিদ্যালয়
নাকোল, শ্রীপুর, মাগুরা।
মোবাইল নং- ০১৭১২-০৭৬৩৩০

মির্জা ওয়ালিদ হোসেন
সভাপতি
(বিদ্যালয় পরিচালনা পর্ষদ)
নাকোল রাইচরণ মাধ্যমিক বিদ্যালয়
নাকোল, শ্রীপুর, মাগুরা
মোবাইল: ০১৭১২-০৭৬৩৩০

সংযুক্তি: ০৩/০৮/২০২৫ ইং তারিখের পরিচালনা পর্ষদের রেজুলেশনের ফটোকপি।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ।

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, খুলনা অঞ্চল, খুলনা।
৪। জেলা প্রশাসক, মাগুরা।
৫। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
৬। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, মাগুরা।
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, মাগুরা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, শ্রীপুর থানা, মাগুরা।
৯। জনাব মুনীর হোসেন, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, নাকোল রাইচরণ মাধ্যমিক বিদ্যালয়, শ্রীপুর, মাগুরা।
১০। অফিস কপি।